



## বিএসএমএমইউতে শ্রবণ প্রতিবন্ধীদের জন্য কোর্স চালু

প্রকাশিত: ১৪ - মে, ২০১৮ ১২:০০ এ. এম.

স্টাফ রিপোর্টার ॥ বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের অটোল্যারিংগোলজি হেড এ্যান্ড নেক সার্জারি বিভাগে শ্রবণ প্রতিবন্ধীদের জন্য কক্লিয়ার ইমপ্ল্যান্ট সার্জারির প্রশিক্ষণের জন্য টেম্পোরাল বোন ডিসেকশন কোর্স চালু করা হয়েছে। রবিবার এ কোর্সের উদ্বোধন করেন এ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ডাঃ কনক কান্তি বড়ুয়া। এর মাধ্যমে শ্রবণ প্রতিবন্ধীদের জন্য কক্লিয়ার ইমপ্ল্যান্ট সার্জারি কার্যক্রমের গতি আরও বৃদ্ধি পাবে বলে মনে করছেন সংশ্লিষ্টরা। রবিবার বিশ্ববিদ্যালয়ের সি ব্লকে ৬ষ্ঠ তলায় মাল্টিপারপাস হলে আয়োজিত এ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কক্লিয়ার ইমপ্ল্যান্ট-এর কর্মসূচী পরিচালক অধ্যাপক ডাঃ মোঃ আবুল হাসনাত জোয়ারদার। বক্তব্য রাখেন অটোল্যারিংগোলজি হেড এ্যান্ড নেক সার্জারি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডাঃ কামরুল হাসান তরফদার, অধ্যাপক ডাঃ বেলায়েত হোসেন সিদ্দিকী। প্রশিক্ষকদের মধ্যে বক্তব্য রাখেন এস্টোনিয়ার টারটু ইউনিভার্সিটি হসপিটালের কনসালটেন্ট অটোলজিস্ট ডাঃ পিত কাসেনম, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ডাঃ এ এইচ এম জহুরুল হক সাক্ষু।

অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ডাঃ কনক কান্তি বড়ুয়া অটোল্যারিংগোলজি হেড এ্যান্ড নেক সার্জারি বিভাগে স্থায়ীভাবে একটি টেম্পোরাল বোন ডিসেকশন ল্যাব স্থাপনের আশ্বাস প্রদান করেন। টেম্পোরাল বোন ডিসেকশন কোর্সে বাংলাদেশের বিভিন্ন মেডিক্যাল কলেজের ইএনটি সার্জনবৃন্দ অংশগ্রহণ করে প্রশিক্ষণ নেন। টেম্পোরাল বোন ডিসেকশন কোর্সের আওতায় প্রশিক্ষণের মাধ্যমে সংশ্লিষ্ট সার্জনবৃন্দ হাতে কলমে ইনার ইয়ারে (অন্তঃকর্ণ) কক্লিয়ার ইমপ্ল্যান্ট ডামি ইলেকট্রয়েড স্থাপনের অভিজ্ঞতা অর্জন করবেন।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কতক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকণ্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকণ্ঠ ভবন, ২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন, জিপিও বাস্র: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহান্ডিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: [www.dailyjanakantha.com](http://www.dailyjanakantha.com) এবং [www.edailyjanakantha.com](http://www.edailyjanakantha.com) ॥ Copyright © All rights reserved by dailyjanakantha.com

